রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুলাই ২২, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৭ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ/ ২২ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০৪.২৬.১৫৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **জাতীয় প্রশিক্ষণ কাউন্সিল (এনটিসি)** নিম্নরূপে গঠন করেছে :

১.১। **কাউন্সিলের গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | সভাপতি |
| (২) | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |


মূল্য : টাকা ৪·০০

| | | |
|---|---|---|
| (১১) | মন্ত্রী, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| (১২) | প্রধানমন্ত্রীর জনপ্রশাসন বিষয়ক উপদেষ্টা | সদস্য |
| (১৩) | প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| (১৪) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (১৫) | চেয়ারম্যান, পাবলিক সার্ভিস কমিশন | সদস্য |
| (১৬) | চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন | সদস্য |
| (১৭) | রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা | সদস্য |
| (১৮) | সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| (১৯) | সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| (২০) | নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) | সদস্য |
| (২১) | সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ | সদস্য |
| (২২) | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| (২৩) | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |
| (২৪) | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | সদস্য |
| (২৫) | উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| (২৬) | সভাপতি, বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি | সদস্য |
| (২৭) | সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) | সদস্য |
| (২৮) | সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য-সচিব। |

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। **কাউন্সিলের কার্যপরিধি :**

(১) জাতীয় প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন, পর্যালোচনা, মূল্যায়ন এবং সংশোধনপূর্বক যুগোপযোগী করার লক্ষ্যে দিকনির্দেশনা প্রদান;

(২) প্রশিক্ষণের ক্ষেত্রে অগ্রাধিকার স্থির করা এবং প্রাধিকারের ভিত্তিতে সম্পদ বরাদ্দের দিকনির্দেশনা প্রদান;

(৩) জনপ্রশাসনের দক্ষতা বৃদ্ধি ও অর্থনৈতিক উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করার উপযোগী জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন ও এর বাস্তবায়ন সম্পর্কে দিকনির্দেশনা প্রদান;

(৪) প্রচলিত প্রশিক্ষণ ব্যবস্থা মূল্যায়নের ভিত্তিতে এর ফলাফল ও কার্যকারিতা সম্পর্কে অবহিত হওয়া; এবং

(৫) প্রচলিত প্রশিক্ষণ ব্যবস্থা অধিকতর ফলপ্রসূ ও কার্যকর করার ব্যাপারে দিকনির্দেশনা প্রদান।

১.৩। কাউন্সিল প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৪। কাউন্সিলের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৫। জনপ্রশাসন মন্ত্রণালয় কাউন্সিলকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৬। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৬.২৪.৩১ স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd